



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/ ২০৬২

তারিখ : ২৯/০২/২০২০

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোফাজ্জল হোসেন-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

- সূত্র : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সাজনপুর বালিকা উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব মোফাজ্জল হোসেন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।
(৩) বোর্ডের ২৯/১২/২০১৯ তারিখের ১৯৩৭ নং পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় বাদী উপস্থিত না থাকায় ম্যানেজিং কমিটির সভাপতির আবেদনের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোফাজ্জল হোসেন-এর বিরুদ্ধে সূত্রোক্ত ২নং এর সিদ্ধান্ত এবং তাঁকে প্রদত্ত বোর্ডের ২৯/১২/২০১৯ তারিখের ১৯৩৭ নং পত্রটি এতদ্বারা বাতিল করা হলো।

বিষয়টি আপীল এন্ড আরবিট্রেশন কমিটির পরবর্তী সভায় বাদী ও বিবাদীর উপস্থিতিতে নিষ্পত্তি করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা


প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
সাজনপুর বালিকা উচ্চ বিদ্যালয়
পোঃ- সাজনপুর, উপজেলা- ভেদরগঞ্জ
জেলা- শরীয়তপুর।

মেমো নং- ২০৬২ (২০)

তারিখ : ২৯/০২/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, শরীয়তপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, শরীয়তপুর।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), সাজনপুর বালিকা উচ্চ বিদ্যালয়।
- ৮। মোফাজ্জল হোসেন, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), সাজনপুর বালিকা উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


২৯/০২/২০২০

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা


২৯/০২/২০২০